# আবাসা | Abasa | عَبَس

আয়াতঃ ৮০ : ২২

## আরবি মূল আয়াত:

ثُمَّ إِذَا شَآءَ أَنشَرَهُۥ ﴿٢٢﴾

## অনুবাদসমূহ:

তারপর যখন তিনি ইচ্ছা করবেন, তাকে পুনর্জীবিত করবেন। — আল-বায়ান

অতঃপর যখন তিনি চাইবেন তাকে আবার জীবিত করবেন। — তাইসিরুল

এরপর যখন ইচ্ছা তিনি তাকে পুনরুজ্জীবিত করবেন। — মুজিবুর রহমান

Then when He wills, He will resurrect him. — Sahih International

### ২২. এরপর যখন ইচ্ছে তিনি তাকে পুনর্জীবিত করবেন।(১)

(১) অর্থাৎ মৃত্যুর পর আল্লাহ্ তা'আলাই মানুষকে পুনরুজ্জীবিত করবেন। একমাত্র তিনিই এগুলো করার ক্ষমতা রাখেন। তারপরও মানুষ তাঁকে অস্বীকার করে, তাঁর হক আদায় করে না। [সা'দী] আবু হুরাইরা রাদিয়াল্লাহু আনহু বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন, দুই ফুঁৎকারের মধ্যবর্তী সময় হবে চল্লিশ। আবু হুরাইরা রাদিয়াল্লাহু আনহুর সাথীরা বলল, চল্লিশ দিন? আবু হুরাইরা রাদিয়াল্লাহু আনহু বললেন, আমি এটা বলতে অস্বীকার করছি, তারা বলল, চল্লিশ বছর? তিনি বললেন, আমি এটা বলতেও অস্বীকার করছি। তারা বলল, তাহলে কি চল্লিশ মাস? তিনি বললেন, আমি এটাও বলতে অস্বীকার করছি। তবে মানুষের সবকিছু পঁচে যায় একমাত্র মেরুদণ্ডের নিম্নভাগের একটি ছোট্ট কোষ ব্যতীত। তার উপরই আবার সৃষ্টি জড়ো হবে।” [বুখারী ৪৮১৪, মুসলিম: ২৯৫৫]

তাফসীরে জাকারিয়া

### ২২। এরপর যখন ইচ্ছা তিনি তাকে পুনরুজ্জীবিত করবেন।

-

তাফসীরে আহসানুল বায়ান

Source — https://www.hadithbd.com/quran/link/?id=5780

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন